কানাইঘাটের হাওরাঞ্চলের শতাধিক পরিবারের মধ্যে ভেড়া ছাগল বিতরণ

কানাইঘাট প্রতিনিধি: হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় কানাইঘাটে সুফলভোগী খামারীদের মধ্যে ভেড়া ছাগল বিতরণ করা হয়েছে।
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেনারি হাসপাতালের উদ্যোগে গত বুধবার সকাল ১১টায় কানাইঘাট উপজেলার ৫টি ইউনিয়নের হাওর অঞ্চল এলাকায় বসবাসরত ১ শতাধিক অসহায় দরিদ্র পরিবারের মধ্যে দু’টি করে ভেড়া ছাগল সরকারি ভাবে বিনামূল্যে বিতরণ করা হয়।
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ ইকবাল হোসেন সুফলভোগী খামারীদের হাতে ভেড়া ছাগল তুলে দেন। এ সময় উপস্থিত ছিলেন, কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন সহ প্রাণিসম্পদ দপ্তরের মাঠপর্যায়ের কর্মকর্তাবৃন্দ।
ভেড়া ছাগল বিতরণকালে ডাঃ ইকবাল হোসেন বলেন, সরকার দেশের হাওর অঞ্চলে বসবাসরত দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নত ও পুষ্টির চাহিদা পূরণ এবং তাদেরকে অর্থনৈতিক ভাবে স্বাবলম্বি করার জন্য হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ভেড়া ছাগল, ছাগল, গরু, হাঁস-মোরগ বিতরণ করে যাচ্ছে।